



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমুদ্র পরিবহন অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০

ফোন : ৯৫১৩৩০৫
ফ্যাক্স : ৯১৬৮৩৬৩
ই-মেইল : dosdgd@bdt.net.bd
Web site : www.dos.gov.bd

নং-সিই-১১৪/পানগাঁও কন্টেইনার/ ১০৩৭

তারিখ : ১১/০২/২০১৩ খ্রিঃ

সাকুলার

বিষয় : অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল/পানগাঁও কন্টেইনার টার্মিনালের জন্য কন্টেইনার ভেসেলের প্রয়োজনীয় স্পেসিফিকেশন নির্ধারণ প্রসংগে।


দেশের অর্থনৈতিক সমৃদ্ধির স্বার্থে পানগাঁও ইনল্যান্ড কন্টেইনার টার্মিনাল ও অন্যান্য ইনল্যান্ড কন্টেইনার টার্মিনালকে লাভজনকভাবে চালানোর জন্য গত ০৫/০২/২০১৩ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষে মাননীয় নৌ-পরিবহন মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নৌ-পরিবহন সচিব, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান, বিআইডব্লিউটিএর চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক এবং বিভিন্ন ব্যবসায়িক প্রতিনিধি দলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সভায় আলোচনা হয় যে, জাইকা স্ট্যাডি রিপোর্টের আলোকে ইনল্যান্ড কন্টেইনার জাহাজ স্পেসিফিকেশন সাকুলার আকারে জারী করা হয়েছিল তাতে আনুমানিক ১৩২টি কন্টেইনার বহন করা সম্ভব। এতে জাহাজ মালিকদের ব্যাংকের লগ্নিলব্দ বিনিয়োগ অনুপাতে আয় ব্যবসায়িকভাবে লাভজনক হয় না বলে মালিক প্রতিনিধি কর্তৃক উপস্থাপন করা হয়। এই কারণে মালিক সমিতির প্রতিনিধিবৃন্দ কন্টেইনার জাহাজ স্পেসিফিকেশন আরও বৃদ্ধির আবেদন করেন।

উক্ত আলোচনার প্রেক্ষিতে ০২/০১/২০১৩ তারিখে গঠিত কন্টেইনার জাহাজের স্পেসিফিকেশন কমিটি গত ০৬/০২/২০১৩ তারিখে তাঁদের সুপারিশমালায় জমা দেন। সুপারিশমালায় উল্লেখ করা হয়, জাইকার স্ট্যাডি রিপোর্ট ও নৌ পরিবহন মন্ত্রণালয় কর্তৃক গঠিত বিআইডব্লিউটিসি কমিটির ১২/০৪/২০০৯ এবং বিআইডব্লিউটিএ কমিটির ১৮/০৯/২০১১ তারিখের রিপোর্টের আলোকে প্রদত্ত ০৪/০৭/২০১২ তারিখের সাকুলারটি বাস্তবসম্মত ও নিরাপদ। এই কন্টেইনার জাহাজ সংগ্রহের অনুমতি প্রাপ্ত কোন মালিক চাইলে ইতোপূর্বের সাকুলার অনুযায়ী জাহাজ সংগ্রহ করতে পারেন। তবে পানগাঁও কন্টেইনার টার্মিনালটি চালু করার স্বার্থে ও মালিকদের আবেদনের প্রেক্ষিতে কন্টেইনার জাহাজের স্পেসিফিকেশনটি মালিকদের নিজস্ব ঝুঁকিতে নিম্নোক্ত পরিমাণে বৃদ্ধি করা যেতে পারে।





উপরোক্ত বর্ণনার আলোকে কন্টেইনার জাহাজের স্পেসিফিকেশন নিম্নরূপ নির্ধারণ করা হলো।

Characteristics of the Container Vessel:

1. Length Overall (L)	Maximum	83.0 m
2. Breadth Molded (B)	”	15.0 m
3. Depth Molded (D)	”	8.0 m
4. Full Loaded Draft (d)	”	4.0 m
5. Dead Weight Tonnage (DWT)	About	2000 tons
6. Ship's Speed (V)	”	10 to 12 Knots
7. Main Engine Power (MCR)	About	2000 HP
8. Accommodation	About	15 Crew
9. Bow thruster	Sufficient Capacity	Required
10. Mukterpur bridge/ Electrical tower clearance (Figure stated with no tolerance, Design to keep sufficient clearance)	Maximum	60ft/18 m
11. Crew as per Department of Shipping Safe Manning Order (Coastal Master, Mate, Coastal Engineer/ Inland Engineer, 2 nd Engineer etc required)		


(কমডোর জোবায়ের আহমদ, এমডিসি, বিএন)
মহাপরিচালক

বিতরণঃ

স্বাক্ষরঃ 
মহাপরিচালক
স্বাক্ষরঃ 
মহাপরিচালক
স্বাক্ষরঃ 
মহাপরিচালক
স্বাক্ষরঃ 
মহাপরিচালক

অনুলিপিঃ

- মাননীয় মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।